দৈনিক সংবাদ

তারিখ 27 NOV 1986
পৃষ্ঠা ... 11 কলাম 4 ...

16

# ইউনেস্কোর ৪০তম বার্ষিকী উপলক্ষে শিক্ষা সেমিনার

ইউনেস্কোর ৪০তম বার্ষিকী উদযাপন উপলক্ষে শিক্ষা মন্ত্রণালয়ের উদ্যোগে তিন দিনব্যাপী 'শিক্ষা সেমিনার' গত সোমবার সমাপ্ত হয়। ন্যাশনাল ইনস্টিটিউট অব এডুকেশনাল এডমিনিস্ট্রেশন এক্সটেনশন এণ্ড রিসার্চ (নিয়েয়ার) এই সেমিনারের আয়োজন করে। শিক্ষা সচিব জনাব কাজি আজহার আলি সেমিনারের উদ্বোধন করেন। বিশ্ববিদ্যালয় এবং শিক্ষা পরিদপ্তরের অধীন কলেজ, স্কুলসমূহের বিশিষ্ট শিক্ষাবিদগণ এতে অংশগ্রহণ করেন।

তিন দিনব্যাপী এই সেমিনারে শিক্ষার উন্নয়নের ক্ষেত্রে বাংলাদেশ ও ইউনেস্কোর পারস্পরিক সহযোগিতার বিভিন্ন দিক সম্পর্কে প্রবন্ধ পাঠ ও আলোচনার প্রধান দিকগুলো ছিলো শিক্ষা প্রশাসন, প্রাথমিক শিক্ষা, বিজ্ঞান ও প্রযুক্তি শিক্ষা, শিক্ষক প্রশিক্ষণ উচ্চ শিক্ষা, শিক্ষা ও জাতীয় উন্নয়ন, জনসংখ্যা শিক্ষা, কারিগরি শিক্ষা ইত্যাদি। খবর প্রেস বিজ্ঞপ্তির।

বাগেরহাট থেকে আমাদের নিজস্ব সংবাদদাতা জানান, ইউনেস্কোর ৪০তম প্রতিষ্ঠা বার্ষিকী উপলক্ষে গতকাল বিকেল ৪টায় বাগেরহাট পিসি কলেজ মিলনায়তনে দু'দিনব্যাপী পুরাকীর্তির আলোকচিত্র প্রদর্শনী শুরু হয়েছে প্রদর্শনীর উদ্বোধন করেন প্রফেসর ডঃ মোঃ সিরাজুল ইসলাম।

এ উপলক্ষে আয়োজিত সেমিনারে প্রবন্ধ পাঠ করেন ডঃ নাজিমউদ্দিন আহমেদ, ডঃ মোঃ মোজাম্মেল হক ও অধ্যাপিকা হাবিবা খাতুন।

প্রদর্শনীতে আলোকচিত্র শিল্পী তৌহিদুন্নবীর ৭৪টি আলোকচিত্র স্থান পেয়েছে। প্রদর্শনী আজ বিকেল ৪টা পর্যন্ত চলবে।